বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, স্কুল এন্ড কলেজ, উচ্চ মাধ্যমিক কলেজ ও ডিগ্রী কলেজের উচ্চ মাধ্যমিক স্তর)-এর টিউশন ফি নীতিমালা-২০২৪-এর টিউশন ফি নির্ধারণ সংক্রান্ত জেলা কমিটি সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : জনাব হোসনা আফরোজা, জেলা প্রশাসক, বগুড়া
তারিখ : ২৯-১২-২০২৪খ্রি:
সময় : বিকাল ০৪.০০ ঘটিকা
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ (করতোয়া)

উপস্থিত সদস্যগণের নাম ও পদবী (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্র.নং | নাম ও পদবী | প্রতিষ্ঠানের নাম | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ০১. | জনাব হোসনা আফরোজা, জেলা প্রশাসক | জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া | সভাপতি |
| ০২. | জনাব মোঃ মোকাব্বর হোসেন প্রাং, অধ্যক্ষ | বগুড়া মহিলা কলেজ, বগুড়া সদর, বগুড়া | সদস্য |
| ০৩. | জনাব মোঃ আহসান হাবিব, অধ্যক্ষ | বগুড়া পৌর উচ্চ বিদ্যালয় ও কলেজ, বগুড়া | সদস্য |
| ০৪. | জনাব সুজন কুমার সরকার, প্রধান শিক্ষক | ফয়েজুল্লা উচ্চ বিদ্যালয়, বগুড়া | সদস্য |
| ০৫. | জনাব মোঃ আব্দুর রাজ্জাক, প্রধান শিক্ষক | মেঘাগাছা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, বগুড়া | সদস্য |
| ০৬. | জনাব মোঃ রমজান আলী আকন্দ, জেলা শিক্ষা অফিসার | জেলা শিক্ষা অফিস, বগুড়া। | সদস্য সচিব |

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের জারিকৃত ২৭-১০-২০২৪ তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.২২.০০৩.২৩.২০২৪ পরিপত্রটি জেলা শিক্ষা অফিসার, বগুড়া কর্তৃক পাঠ করে শুনানো হয়। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, স্কুল এবং কলেজ, উচ্চ মাধ্যমিক কলেজ ও ডিগ্রী কলেজের উচ্চ মাধ্যমিক স্তর) টিউশন ফি-২০২৫ নির্ধারণের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের অবস্থান, ধরণ ও অভিভাবকগণের আর্থসামাজিক অবস্থা বিবেচনায় রেখে জেলা টিউশন ফি নির্ধারণ কমিটি কর্তৃক নিম্ন লিখিত হারে টিউশন ফি আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

টিউশন ফি / মাসিক বেতন এমপিও ভূক্ত প্রতিষ্ঠান পৌর এলাকার জন্য :

| শ্রেণিওয়ারী মাসিক বেতন/ টিউশন ফি (টাকা) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | ১১শ | ১২শ |
| ২৫০ টাকা | ২৫০ টাকা | ২৫০ টাকা | ৩০০ টাকা | ৩০০ টাকা | ৩৫০ টাকা | ৩৫০ টাকা |

টিউশন ফি / মাসিক বেতন এমপিও ভূক্ত প্রতিষ্ঠান মফস্বল এলাকার জন্য :

| শ্রেণিওয়ারী মাসিক বেতন/টিউশন ফি (টাকা) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | ১১শ | ১২শ |
| ১৭০ টাকা | ১৭০ টাকা | ১৭০ টাকা | ২০০ টাকা | ২০০ টাকা | ২৫০ টাকা | ২৫০ টাকা |

টিউশন ফি / মাসিক বেতন নন-এমপিও প্রতিষ্ঠান পৌর এলাকার জন্য :

| শ্রেণিওয়ারী মাসিক বেতন/টিউশনফি (টাকা) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | ১১শ | ১২শ |
| ৩০০ টাকা | ৩০০ টাকা | ৩০০ টাকা | ৩৫০ টাকা | ৩৫০ টাকা | ৪০০ টাকা | ৪০০ টাকা |

টিউশন ফি / মাসিক বেতন নন-এমপিও প্রতিষ্ঠান মফস্বল এলাকার জন্য :

| শ্রেণিওয়ারী মাসিক বেতন/টিউশনফি (টাকা) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | ১১শ | ১২শ |
| ২০০ টাকা | ২০০ টাকা | ২০০ টাকা | ২৫০ টাকা | ২৫০ টাকা | ৩০০ টাকা | ৩০০ টাকা |

(চলমান পাতা-০২)

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, স্কুল ও কলেজ, উচ্চ মাধ্যমিক কলেজ ও ডিগ্রী কলেজের উচ্চ মাধ্যমিক স্তর)-এর টিউশন ফি নীতিমালার স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.২২.০০৩.২৩.২২৪, তারিখঃ ২৭-১০-২০২৪-এর পরিপত্রের শিক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অর্থের তফসিল ক, খ, গ, ও ঘ কোন ক্রমেই ব্যত্যয় করা যাবে না এবং উপরে উল্লেখিত নির্ধারিত টিউশনফির বেশি কোন ক্রমেই ধার্য করা যাবে না তবে নির্ধারিত ফি'র চেয়ে কম নেয়া যেতে পারে। নির্ধারিত নির্দেশনার ব্যত্যয় ঘটলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিবিধ ঃ

ক. টিউশন ফি সর্বোচ্চ হিসাবে নির্ধারণ করা হয়েছে।

খ. অন্যান্য ফি পরিপত্র মোতাবেক নিতে হবে, কোনো অবস্থায় অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।

গ. কোনো প্রতিষ্ঠান চাইলে নির্ধারিত টিউশন ফি'র চেয়ে কম নিতে পারবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ. দরিদ্র অসহায় শিক্ষার্থীদের শিক্ষার সুযোগ সৃষ্টির লক্ষ্যে ফুল ফ্রি/ হাফ ফ্রি ব্যবস্থা করা যেতে পারে।

ঙ. নির্ধারিত টিউশন ফি (মাসিক বেতন) সংক্রান্ত তথ্য আবশ্যিকভাবে শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রদর্শন ও ব্যপক প্রচার করতে হবে।

চ. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠাণের (স্কুল, স্কুল এন্ড কলেজ, উচ্চ মাধ্যমিক কলেজ ও ডিগ্রী কলেজের উচ্চ মাধ্যমিক স্তর) টিউশন ফি নীতিমালা-২০২৪ এর পরিপত্র অনুসরণ করা বাধ্যতামূলক।

ছ. কোনো প্রতিষ্ঠান চাইলে টিউশন ফি / মাসিক বেতন ছাড়াও পাঠদান করাতে পারবেন।

জ. মেধাবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের নিকট হতে শিক্ষা বোর্ড -এর নির্দেশনা অনুযায়ী টিউশন ফি/ মাসিক বেতন গ্রহণ করা যাবে না।

অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/১২/২৪

(হোসনা আফরোজা)
জেলা প্রশাসক
ও
সভাপতি
টিউশন ফি নির্ধারণ জেলা কমিটি
বগুড়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, বগুড়া।

স্মারক নং-৩৭.০২.১০০০.০০০.১৮.০০১.২৪/১১৮০(৫০০) তারিখঃ ৩০-১২-২০২৪খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুলিপি প্রেরিত হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, বগুড়া।
০৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
05। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), বগুড়া।
০৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
০৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ...................., বগুড়া।
০৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ......................, বগুড়া।
০৯। অধ্যক্ষ/প্রধান শিক্ষক (বগুড়া জেলা), ..........................................................................................।
১০। ..........................................................................................................................।
১১। দপ্তর নথি।

৩০/১২/২০২৪

(মোঃ রমজান আলী আকন্দ)
জেলা শিক্ষা অফিসার
বগুড়া।